

কিশোরী বয়সে 'মা' হবে না

কেন?



কিশোরী
বয়সে বিয়ে এবং
গর্ভবতী হয়ে কিশোরী মায়ের
কৈশোর হারিয়ে যায় সংসারের কঠিন
জগতে। ফলে সে নানান মানসিক যন্ত্রণায়
ভোগে। যে বয়স তার হাসি-খেলার, শিক্ষা
গ্রহণের, সেই বয়সে তার নিজের শিশুকে
লালনপালন করতে হয়। এটি তার মানসিক
বিকাশে বাধা হয়ে দাঁড়ায়। একটি কিশোরীকে
যখন অজানা অচেনা, অনিশ্চিত এক জগৎ তথা
শ্বশুরবাড়িতে ঠেলে পাঠানো হয়, তখন তার
পড়ালেখায় ছেদ পড়ে, তার জ্ঞান আহরণের সব
কটি জানলা বন্ধ হয়ে যায়। মাতৃত্বকে বরণ
করতে গিয়ে কিশোরী মাকে অপরিণত বয়সে
একজন পূর্ণাঙ্গ নারী হিসেবে তৈরি করার
প্রক্রিয়া চলে। বাকি জীবন তাকে
পরমুখাপেক্ষী হয়ে কাটাতে
হয়।

শারীরিক কারণ

শারীরিক গঠন পূর্ণতা পাবার আগেই
মাতৃত্বকে বরণ করতে গিয়ে প্রসবকালে
নানা ধরনের জটিলতা হতে পারে।
যেমন-

- বাধাগ্রস্ত/বিলম্বিত প্রসব
- অতিরিক্ত রক্তক্ষরণ
- একলামসিয়া
- মারাত্মক রক্তস্বল্পতা